



মাদ্রাসা ছাত্রদের ইংরেজীতে অনার্স করতে

দেয়া হয় না কেন?

বাংলা-ও ইংরেজী আমাদের দু'টি প্রধান ভাষা। বাংলা আমার মাতৃভাষা। এই ভাষায় কবি লিখবে, গায়ক গান গাইবে, ঔপন্যাসিক তার কল্পনাকে এই ভাষায় রাঙ্গিয়ে তুলবে, এদেশের মাঠে-ঘাটে, ঘরে-বাইরে সর্বত্র এ ভাষার চর্চা চলবে এটাই স্বাভাবিক।

ইংরেজী আমাদের মাতৃভাষা নয়। কিন্তু ইংরেজী আমাদের আন্তর্জাতিক যোগাযোগের ভাষা। এ ভাষার মাধ্যমে আমরা জ্ঞান-বিজ্ঞানের চর্চার পথকে সুগম করতে পারি।

দেশের প্রধান বিদ্যাপীঠ প্রাচ্যের অক্সফোর্ড হিসেবে খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষা দু'টির পূর্ণাঙ্গ পৃষ্ঠপোষকতা করে থাকে, এতে কোন সন্দেহ নেই। কিন্তু বিশ্ববিদ্যালয়টি সকলের জন্য ভাষা দু'টি চর্চার সমান অধিকার নিশ্চিত করে না।

দেশের মাদ্রাসাগুলোর মেধাবী ছাত্ররা যখন ভর্তি পরীক্ষার কঠিন যুদ্ধে উত্তীর্ণ হয়ে ভাষা দু'টিতে অনার্স করার সুযোগ লাভ করে তখন কোন যুক্তিসঙ্গত কারণ ছাড়াই তাদেরকে ভাষা দু'টিতে অনার্স করার সুযোগ দেয়া হয় না।

কেন তাদের মুখ থেকে বিশ্ববিদ্যালয়টি মুখের ভাষা কেড়ে নিতে চায়? কেন এ দু'টি প্রধান ভাষার চর্চা হতে বঞ্চিত করা হয়?

তাদের এই প্রশ্ন বর্তমান দেশপ্রেমিক সরকারের কাছে। প্রশ্নটি দেশের বিজ্ঞানের কাছে।

-মুহাম্মদ ইসমাইল হোসাইন  
বিএ (অনার্স) প্রথম বর্ষ,  
ইংরেজী বিভাগ,  
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ।